গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
জেলা কার্যালয়, সুনামগঞ্জ
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
www.dnc.sunamganj.gov.bd

"মাদক শুধু ব্যক্তিকে নয়
পরিবারকেও ধংব্বস করে"

স্মারক নং-৫৮.০২.৯০০০.০০০.০৭.০১৫.২২-২০৭

তারিখ : ২৬শে বৈশাখ, ১৪২৯ বঙ্গাব্দ
০৯ই মে, ২০২২ খ্রিষ্টাব্দ

প্রতি
স্বত্বাধিকারী,.......................................
.......................................................

**বিষয়: মাদকবিরোধী স্লোগান সম্বলিত ঘড়ি, ব্যাগ, মগ, কমলদানি, চাবির রিং ও পেপার ওয়েট সরবরাহের দরপত্র/কোটেশন বিজ্ঞপ্তি।**

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের চলতি অর্থবছরে (২০২১-২০২২) রাজস্ব বাজেটের আওতায় সরবরাহকৃত সিডিউল মোতাবেক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সুনামগঞ্জ এর জন্য মাদকবিরোধী স্লোগান সম্বলিত ঘড়ি, ব্যাগ, মগ, কমলদানি, চাবির রিং ও পেপার ওয়েট সরবরাহের নিমিত্ত সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে "দরপত্র/কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন" (RFQ) পদ্ধতিতে আগ্রহী প্রকৃত সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট থেকে দরপত্র/কোটেশন আহবান করা যাচ্ছে। প্রদত্ত শর্তবালী অনুযায়ী আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে নিজস্ব প্যাডে আগামী ১৬/০৫/২০২২খ্রি. তারিখ বেলা ১১:০০ ঘটিকার মধ্যে কোটেশন/দরপত্র সীলমোহরকৃত খামে সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সুনামগঞ্জ বরাবর দাখিল করতে হবে।

**শর্তাবলী :-**

০১। দরপত্র/কোটেশন এর সহিত হালনাগাদ ট্রেড লাইসেন্স, TIN নম্বরসহ আয়কর প্রদানের সনদপত্র, ভ্যাট নিবন্ধন সনদপত্র ও ব্যাংক কর্তৃক আর্থিক স্বচ্ছলতার ফটোকপি দাখিল করতে হবে।
০২। কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিকৃত আইটেমের পরিমাণ বাড়ানো বা কমানোর ক্ষমতা সংরক্ষণ করেন।
০৩। দর উল্লেখ করার সময় টাকার পরিমাণ অংকে ও কথায় লিখতে হবে এবং কোটেশন/দরপত্রে কোন কাটাকাটি বা ঘষামাজা গ্রহণযোগ্য নয়। একক দর ও মোট দরের মধ্যে কোন গরমিল দেখা দিলে একক দর গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে।
০৪। অবশ্যই সরকারি নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট পরিশোধ করতে হবে।
০৫। অন্যান্য শর্ত যা সংশ্লিষ্ট অফিস তার কাজ সম্পাদন করার ক্ষেত্রে প্রয়োজন মনে করবে তা সংযুক্ত করতে পারবে।
০৬। দরপত্র/কোটেশন সমূহ আগামী ১৬.০৫.২০২২খ্রি. তারিখ সকাল ১১:০০ ঘটিকার মধ্যে সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সুনামগঞ্জ বরাবর দাখিল করা যাবে। নির্ধারিত সময় উত্তীর্ণের পর কোন অবস্থাতেই কোন দরপত্র/কোটেশন গ্রহণ করা হবে না। একই দিন দুপুর ১২.০০ ঘটিকায় দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) টেন্ডার বাক্স খোলা হবে।
০৭। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে যে কোন কোটেশন/দরপত্র গ্রহণ এবং সকল কোটেশন/দরপত্র পূর্ণ বা আংশিক বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
০৮। সরবরাহকৃত মাদকবিরোধী স্লোগান সম্বলিত ঘড়ি, ব্যাগ, মগ, কমলদানি, চাবির রিং ও পেপার ওয়েট-এর মধ্যে কোন ত্রুটি ধরা পড়লে অথবা কোটেশন/দরপত্র কমিটি সিডিউল মোতাবেক অভিমত ব্যক্ত করলে তা অবশ্যই প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক নিজ দায়িত্বে ও নিজ খরচে পরিবর্তন বা সংশোধন করে দিতে বাধ্য থাকবেন। এ ক্ষেত্রে কোনরূপ ওজর আপত্তি গৃহীত হবে না।
০৯। প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক কার্যাদেশ প্রাপ্তির ১০(দশ) কার্য দিবসের মধ্যে সিডিউল মোতাবেক মাদকবিরোধী স্লোগান সম্বলিত ঘড়ি, ব্যাগ, মগ, কমলদানি, চাবির রিং ও পেপার ওয়েট সরবরাহ করে নিম্ন স্বাক্ষর কারীর নিকট জমা পূর্বক বিল দাখিল করতে হবে। বিলের টাকা চেকের মাধ্যমে পরিশোধ করা হবে।
১০। শর্ত ভঙ্গের কারণে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কোন ক্ষতির উদ্ভব ঘটলে সেই ক্ষতির দ্বিগুন পরিমাণ আদায়ে অধিদপ্তরের ক্ষমতা থাকবে এবং এটি গণদাবী (Public Demand) হিসাবে গণ্য হবে।

০৯/০৫/২২
(সাজেদুল হাসান)
সহকারী পরিচালক
ও
সভাপতি
দরপত্র উন্মুক্তকরণ ও মূল্যায়ন কমিটি।

বিতরণ : ১। নোটিশ বোর্ড, জেলা কার্যালয়, সুনামগঞ্জ।
২। নোটিশ বোর্ড, জেলা প্রশাসক এর কার্যালয়, সুনামগঞ্জ।
৩। নোটিশ বোর্ড, গণপূর্ত বিভাগ, সুনামগঞ্জ ।
৪। নোটিশ বোর্ড, জেলা তথ্য অফিস, সুনামগঞ্জ ।
৫। নোটিশ বোর্ড, বিআরটিএ অফিস, সুনামগঞ্জ ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
জেলা কার্যালয়, সুনামগঞ্জ
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
www.dnc.sunamganj.gov.bd

"মাদক শুধু ব্যক্তিকে নয়
পরিবারকেও ধংব্বস করে"

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সুনামগঞ্জের জন্য মাদকবিরোধী স্লোগান সম্বলিত(স্লোগান জেলা কার্যালয়, সুনামগঞ্জ হতে সরবরাহ করা হবে) ঘড়ি, ব্যাগ, মগ, কলমদানি, চাবির রিং ও পেপার ওয়েট ক্রয়ের লক্ষ্যে কোটেশন সিডিউল:

| ক্র. নং | পণ্যের নাম | পণ্যের বিবরণ | পরিমান | একক মূল্য | মোট মূল্য |
|---|---|---|---|---|---|
| ০১. | ঘড়ি | ০১. প্লাস্টিক বডি<br>০২. ব্যাস: ৩৩ সেন্টিমিটার(ন্যূনতম) | ১০০ | | |
| ০২. | ব্যাগ | ০১.সাইজ: ৩৬x১২x৩০ সেন্টিমিটার<br>০২. ফেব্রিক্স- জুট কটন<br>০৩. হাতল: নরম ও মানসম্মত সাইজ | ৩০০ | | |
| ০৩. | মগ | ০১.চায়না সিরামিক(রেগুলার)<br>০২. কালার: সাদা<br>০৩. হ্যান্ডেল: মানসম্মত(রঙ্গীন)<br>০৪. উচ্চতা : ৯ সেন্টিমিটার(ন্যূনতম)<br>০৫. ব্যাস: ৭.৫ সেন্টিমিটার(ন্যূনতম) | ১০০ | | |
| ০৪. | কলমদানি | ০১.কাঠের তৈরি<br>০২. ধরণ: বর্গাকৃতি<br>০৩. স্লোগান: খোদাইকৃত<br>০৪. সাইজ : ৬x৬x৯ সেন্টিমিটার(ন্যূনতম) | ১০০ | | |
| ০৫. | চাবির রিং | ০১. এক্রেলিক প্লাস্টিক<br>০২.ইউ.ভি প্রিন্ট<br>০৩.সাইজ: মানসম্মত | ১০০ | | |
| ০৬. | পেপার ওয়েট | ০১.এক্রেলিক প্লাস্টিক<br>০২. ইউ.ভি প্রিন্ট<br>০৩. সাইজ: মানসম্মত | ১০০ | | |
| | | | | মোট টাকা: | |

০৯/০৫/২২
সাজেদুল হাসান
সহকারী পরিচালক
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
জেলা কার্যালয়, সুনামগঞ্জ
মোবা:০১৭০৮৯০৪২৬১